# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

Website :www.bteb.gov.bd

## সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স
## (১ বছর মেয়াদি)

## প্রতিষ্ঠান অ্যাফিলিয়েশন (স্বীকৃতি) নীতিমালা-২০১৬

বাকাশিবো/একাডে/১১৮২/মে ২০১৬

**প্রকাশক ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**

**প্রকাশকাল ঃ মে, ২০১৬**

**কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১. | ড. মোঃ মোস্তাফিজুর রহমান<br>চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | আহবায়ক |
| ২. | মোঃ নায়েব আলী মন্ডল<br>সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৩. | ড. মোঃ শাহ জাহান<br>পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৪. | প্রকৌ. মহেন্দ্র কুমার সিকদার<br>পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৫. | মোঃ আক্তারউজ্জামান<br>পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৬. | প্রকৌ. সুশীল কুমার পাল<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৭. | এস এম শাহজাহান<br>উপ-পরিচালক (কোর্স এ্যাক্রিডিটেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৮. | মোহাম্মদ আবু সাঈম<br>উপ-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৯. | কৃষিবিদ মোঃ মোস্তফা কামাল<br>কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ১০. | মোঃ সুলতান হোসেন<br>কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল-ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য |
| ১১. | মোঃ আব্দুল্লা আল মাবুদ<br>সহকারি পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

# ভূমিকা

বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের মান প্রণয়ন, নিয়ন্ত্রণ ও উন্নয়নের সার্বিক দায়িত্ব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত। দেশের দক্ষ জনবলের চাহিদা পূরণ ও বিদেশে দক্ষ জনশক্তি রপ্তানির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উক্ত কাজের ধারাবাহিকতায় বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন স্তরে শিক্ষাক্রম প্রবর্তন করেছে।

বিশ্ব জুড়ে দক্ষ জনশক্তির চাহিদা পূরণের লক্ষ্যে বিভিন্ন বিষয় ভিত্তিক দক্ষতা ও যন্ত্রের ব্যাপক প্রসার ঘটায় মানুষের জীবনযাত্রা, শিক্ষা, ব্যবসা-বাণিজ্য, চিকিৎসা, কৃষি সব কিছুই আজ দক্ষ কর্মী এবং প্রযুক্তি নির্ভর। তাই বিভিন্ন ট্রেড ভিত্তিক বিপুল দক্ষ জনশক্তি সৃষ্টি অপরিহার্য। বিভিন্ন স্তরের শিক্ষিত বেকার ও উচ্চতর শিক্ষায় ভর্তির সুযোগ বঞ্চিত যুবক-যুবতীদের বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে রূপান্তর করা যায়। আবার বিভিন্ন ক্ষেত্রে নিয়োজিত কর্মীদেরকেও প্রশিক্ষণ দিয়ে তাদের দক্ষতা ও কর্মপরিধি বাড়ানো সম্ভব। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনা প্রচুর। অন্যদিকে এ প্রশিক্ষণের মাধ্যমে সমাজে সাধারণভাবে তথ্য প্রযুক্তি সচেতনতা সৃষ্টিও সম্ভব । বিষয় ভিত্তিক প্রশিক্ষণ বিস্তারের মাধ্যমে বাংলাদেশের দারিদ্র বিমোচন ও প্রকট বেকারত্ব দূর করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। বেসরকারি উদ্যোগে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ একদিকে যেমন সরকারের অর্থের সাশ্রয় ঘটাবে অন্যদিকে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

বিষয় ভিত্তিক প্রশিক্ষণ একটি ব্যবহারিক নির্ভর বাস্তবধর্মী শিক্ষা ব্যবস্থা। এর জন্য প্রয়োজন শিক্ষার উপযুক্ত ভৌত অবকাঠামো, প্রশিক্ষিত শিক্ষকমন্ডলী, আধুনিক শিক্ষা উপকরণ, যন্ত্রপাতি ও আসবাবপত্র। এ কারণে সার্টিফিকেট কোর্স/ এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) প্রশিক্ষণ শিক্ষাক্রম পরিচালনার জন্য একটি নীতিমালা আবশ্যক। এ প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে সময়ের সাথে তাল মিলিয়ে চলার জন্য বর্তমানে এগারো সদস্য বিশিষ্ট কমিটি ১ বছর মেয়াদি নীতিমালাটি পরিমার্জন করেছে। এ নীতিমালা সরকারি/বেসরকারি উদ্যোগে মানসম্পন্ন সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) পরিচালনা ও এ উদ্দেশ্যে নতুন প্রতিষ্ঠান স্থাপনে সহায়ক ভূমিকা পালন করবে এবং দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিশ্বাস করি।

**(ড. মোঃ মোস্তাফিজুর রহমান)**
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭

# শিক্ষাক্রম পরিচিতি

দারিদ্র বিমোচনের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য দক্ষ জনশক্তি একান্ত প্রয়োজন। দেশের বিপুল জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে পরিণত করার জন্য কারিগরি শিক্ষার বিকল্প নাই। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ ও নতুন বিশ্ব ব্যবস্থার চাহিদার প্রেক্ষাপটে দেশে ও বিদেশে বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কৃষি, স্বাস্থ্যসহ বিভিন্ন ক্ষেত্রে যে সম্ভাবনার সৃষ্টি হয়েছে তাতে ১ (এক) বছর মেয়াদি বিভিন্ন শিক্ষাক্রমে প্রশিক্ষণের মাধ্যমে দেশের বিপুল সংখ্যক শিক্ষিত জনগোষ্ঠিকে জনশক্তিতে রূপান্তরিত করা যায়। দেশে-বিদেশে বিপুল চাহিদা থাকায় সরকারি/বেসরকারি উদ্যোগে এ ধরনের কোর্স পরিচালনা করার ক্ষেত্রে বিপুল উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

দেশের প্রচলিত সাধারণ শিক্ষা ব্যবস্থার মাধ্যমে কাঙ্খিত দক্ষ জনশক্তি সৃষ্টি করা সম্ভব হচ্ছে না। বাংলাদেশে স্নাতক, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষার প্রসার ঘটলেও দক্ষ কর্মী সৃষ্টি হচ্ছে না। দক্ষ কর্মী সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বেশ কিছু বাস্তবমুখী উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে ১ (এক) বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স /এডভান্সড সার্টিফিকেট কোর্স অন্যতম। বিজ্ঞান ও প্রযুক্তির নতুন নতুন আবিস্কার ও উদ্ভাবনের ফলে বিশ্বব্যাপি উন্নয়ন কৌশল ও পদ্ধতির দ্রুত পরিবর্তন ঘটছে এবং প্রযুক্তি নির্ভর কর্মকান্ডের বিস্তার লাভ করছে। এর ফলে দেশের কৃষি, শিক্ষা, স্বাস্থ্যসহ সকল বিষয়ে প্রযুক্তির ওপর নির্ভর করতে হচ্ছে। এ নির্ভরতার কারণে প্রযুক্তি ব্যবহারকারি এবং প্রযুক্তির সুফল ভোগকারিদের জন্য দক্ষ জনবল গড়ে তোলার জন্য সরকারি/বেসরকারি উদ্যোগে ১ বছর মেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম প্রবর্তন করা হচ্ছে।

স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে দেশে বিদেশে প্রচুর জনবলের চাহিদা রয়েছে। বিভিন্ন সেক্টরে দেশে বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ১ (এক) বছর মেয়াদি বিভিন্ন কোর্স প্রণয়ন করেছে।

**সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি, গ্রুপ বৃদ্ধি, ট্রেড সংযোজন ও স্বীকৃতি প্রদান, নবায়ন এবং বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা ঃ**

১. **প্রস্তাবনা**

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর ও নং-৫২আইন/৯৬) অনুসারে এবং Technical Education Act, 1967 (E, P. Act NO. 1 of 1967) এর Section 40 (2) এর Clause (e) তারিখ, ১৭ এপ্রিল ১৯৯৬ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের অ্যাফিলিয়েশন (স্বীকৃতি) প্রদান ও নবায়ন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা হলো।

২. **শিরোনাম**

এ নীতিমালা সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্বীকৃতির নীতিমালা-২০১৬ নামে অভিহিত হবে।

৩. **সংজ্ঞা**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না হলে এ নীতিমালায়-

৩.১ "কারিগরি শিক্ষা" Technical Education Act, 1967 (E, P. Act NO. 1 of 1967) এর Section (2) এর Clause (d) তে উল্লিখিত Technical education.

৩.২ "বোর্ড' অর্থ Technical Education Act, 1967 (E,P, Act no.1 of 1967) এর Section-3 ও এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board.

৩.৩ "প্রতিষ্ঠান" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।

৩.৪ "বাছাই কমিটি" অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত কমিটি, যে কমিটি প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাই করবেন;

৩.৫ "ফি" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ বুঝাবে।

৩.৬ "পরিদর্শন টীম" অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ সুবিধা সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড গঠিত টীম;

৩.৭ "অ্যাফিলিয়েশন (স্বীকৃতি)" অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠানকে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার নিমিত্ত অনুমতি।

৩.৮ "অ্যাফিলিয়েশন কমিটি" অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত কমিটি। এই কমিটি উপযুক্ত প্রতিষ্ঠানকে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি, গ্রুপ বৃদ্ধি, ট্রেড সংযোজন ও স্বীকৃতির অনুমোদন করবে।

৩.৯ "পাঠদানের অনুমতি" অর্থ বোর্ড কর্তৃক আরোপিত শর্তসাপেক্ষে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার নিমিত্ত উপযুক্ত প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি প্রদান।

৩.১০ "পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার" অর্থ বোর্ড কর্তৃক সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য সাময়িকভাবে পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার।

৩.১১ "স্বীকৃতি বাতিল/প্রত্যাহার" অর্থ বোর্ড কর্তৃক সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল/প্রত্যাহার।

## ৪.০ পাঠদানের অনুমতি প্রদানের আবেদন

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ণ প্রবিধানমালা ১৯৯৬ (এস,আর ও নং ৫২-আইন/৯৬) অনুসারে স্বতন্ত্র বেসরকারি প্রতিষ্ঠানে বা কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম চালু করার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন পত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে।

## ৫.০ পাঠদানের অনুমতি প্রদান

৫. (ক) বোর্ড বাস্তব অবস্থা সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করবে। পরিদর্শনকারী টীম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা সম্পর্কে মতামতসহ, প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় ডকুমেন্টসমূহের যথার্থতা নিরূপন করে সুনিদিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবেন। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস আরও নং -৫২ আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রণীত নীতিমালার শর্তাবলী পূরণপূর্বক পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে অ্যাফিলিয়েশন কমিটি উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন এবং সার্টিফিকেট কোর্সের বিভিন্ন (ট্রেডে) শাখায় সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদানের সুপারিশ করবেন। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শাখা হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রযোজ্য শর্তারোপপূর্বক সাময়িকভাবে ১ (এক) বছরের

জন্য সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের পাঠদানের অনুমতি প্রদান করা হবে অথবা সাময়িকভাবে পাঠদানের অনুমতি বর্ধিত করবেন।

৫. (খ) প্রতি ট্রেডে ড্রপ-আউটসহ আসনসংখ্যা হবে ৩০ (ত্রিশ)।

## ৬.০ স্বীকৃতি

৬.১ স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে সাময়িকভাবে পাঠদনের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম একটি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৫০% পরীক্ষার্থী অংশগ্রহণ করলে স্বীকৃতির জন্য নির্ধারিত আবেদন পত্রে প্রয়োজনীয় ডকুমেন্টসসহ বোর্ডে আবেদন করতে হবে। বোর্ড কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে বিদ্যমান ছাত্র-ছাত্রী, অবকাঠামো, যন্ত্রপাতি সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ, বিধিসম্মতভাবে ব্যবস্থাপনা কমিটির গঠন, নিয়মিত শিক্ষক কর্মচারী নিয়োগ ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলী যাচাই করে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ড স্বীকৃতি প্রদান করবে। প্রযোজ্য কোন শর্তপূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না। এ ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬.২ ট্রেড সংযোজন/গ্রুপ বৃদ্ধির জন্য আবেদনঃ
ট্রেড সংযোজন/গ্রুপ বৃদ্ধির ক্ষেত্রে প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রাপ্ত হতে হবে। এছাড়া অনুমোদিত ট্রেডের শিক্ষার্থীগণকে সংশ্লিষ্ট কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৫০% পরীক্ষার্থী অংশ গ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে শাখা সংযোজন/গ্রুপ বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। এরূপ যোগ্য প্রতিষ্ঠান.আবেদন করলে বোর্ড নির্ধারিত আবেদনপত্র সরবরাহ করা হবে। পরবর্তী কার্যক্রম পাঠদানের অনুমোদন পদ্ধতি অনুসরণ করা হবে।

## ৭.০ স্বীকৃতি নবায়ন

৭.১ সাময়িক পাঠদানের অনুমতি/স্বীকৃতি পাওয়ার পর প্রতি বছর তা নবায়ন করতে হবে। স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত হারে ফি প্রদান করে বোর্ডের নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল প্রামান্য কাগজপত্র ও দলিলাদি দাখিল করতে হবে।

৭.২ আবেদন প্রাপ্তির পর বোর্ড আবেদনপত্র যাচাই-বাছাই করে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.৩ কোন কারণে স্বীকৃতি নবায়ণ করা না হলে উপযুক্ত কারণ দর্শানো সাপেক্ষে বোর্ডের নিকট পুনরায় আবেদন করা যাবে এবং সেই ক্ষেত্রে বোর্ড অনুরূপ পদ্ধতিতে আবেদন পুনর্বিবেচনা করতে পারবে।

**স্বীকৃতি বাতিলকরণ**

**৮.১** শিক্ষা প্রতিষ্ঠানের অনুমতি বা স্বীকৃতি প্রদানকালে বোর্ড কর্তৃক আরোপিত যে কোন শর্ত পূরণে অক্ষম হলে এবং সময় সময় সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা, জারিকৃত বিধান বা নীতি লঙ্ঘন করলে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। এ বিষয়ে বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করা হবে।

**৮.২** প্রাথমিক পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে।

**৮.৩** সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা জারিকৃত বিধান বা নীতি লঙ্ঘন করলে এবং বোর্ডের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের স্বীকৃতিপ্রাপ্ত ঠিকানা পরিবর্তন করলে বা কোন প্রতিষ্ঠানে পর পর ৩ (তিন) বৎসর আসন সংখ্যার ৩০% পরীক্ষার্থী না থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে।

**৯.০ বাতিল প্রক্রিয়া ঃ**

৯.১ কোন প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করার পূর্বে প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক ত্রিশ দিনের কারণ দর্শানো নোটিশ প্রদান করতে হবে।

৯.২ কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রতিষ্ঠান জবাব প্রদান করবে এবং প্রাপ্ত জবাব বোর্ডের নিকট গ্রহণযোগ্য না হলে অথবা উক্ত ত্রিশ দিনের মধ্যে জবাব প্রদান না করলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করতে পারবে।

৯.৩ কোন প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করা হলে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থ বোর্ডের অনুমোদনক্রমে বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত অন্য কোন প্রতিষ্ঠা ভর্তি/বদলি হয়ে শিক্ষা কার্যক্রমে/পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

## ১০.০ ঠিকানা পরিবর্তন

স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন করতে হলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি দিয়ে আবেদন করবে এবং বোর্ড যথাযথ নিয়মে পরিবর্তিত ঠিকানায় অ্যাফিলিয়েশন প্রাপ্ত শিক্ষাক্রম পরিচালনা করার সুযোগ সুবিধা সরেজমিনে তদন্ত করে দেখার জন্য পরিদর্শক টীম পাঠাবে। পরিদর্শন রিপোর্ট ইতিবাচক হলে এবং দূরত্বের ক্ষেত্রে এই নীতিমালার ১২.৪ ধারা পূরণ হলে বোর্ড এ্যাফিলিয়েশন কমিটির সুপারিশক্রমে ঠিকানা পরিবর্তনের অনুমতি প্রদান করবে। তবে উল্লেখ থাকে যে, পৌরসভা/শিল্পএলাকা/মেট্রোপলিটন এলাকায় অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা গ্রাম এলাকায় স্থানান্তর করতে পারবে। গ্রাম এলাকায় অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা পৌরসভা/শিল্প এলাকা/মেট্রোপলিটন এলাকায় স্থানান্তর করতে পারবে না এবং এক জেলা হতে অন্য জেলায় পরিবর্তন করা যাবে না।

## ১১.০ নাম পরিবর্তন

স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠান তার নাম পরিবর্তন করতে চাইলে বোর্ডের নিকট আবেদন করবে এবং বোর্ড মনে করলে নাম পরিবর্তনের অনুমতি প্রদান করবে। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ১২.০ স্বীকৃতির পূর্বশর্ত

### ১২.১ নামকরণ

সার্টিফিকেট কোর্স/এডভান্সড় সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানটির নামকরণ এর ক্ষেত্রে বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য নাম হতে হবে।

### ২.২ ব্যক্তির নামে নামকরণ

(ক) ব্যক্তির নামে শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা নগদ প্রতিষ্ঠানকে দান করতে হবে। এ বিষয়ে বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলি প্রযোজ্য হবে।

উক্ত অর্থ প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা করতে হবে। অর্থের
তহবিলটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/পরিচালনা কমিটির
পতির যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে অথবা লিঃ কোম্পানীর
পরিচালনা বোর্ডের নিজস্ব সিদ্ধান্ত থাকতে হবে। এ অর্থ
নর উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে। তবে অর্থ
র পূর্বে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মসূচি বাংলাদেশ
ক্ষা বোর্ড কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

## ১২.৩ প্রতিষ্ঠানের নিজস্ব ভবন/ভাড়া ভবন

(ক) নিজস্ব ভবন/ভাড়া ভবনে ১ বছর মেয়াদি সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স পরিচালনা করা যাবে। উক্ত কার্যক্রম পরিচালনা করতে নীতিমালায় বর্ণিত ১২.৬ এ উল্লিখিত ভৌত অবকাঠামো থাকতে হবে। এখানে উল্লেখ্য যে, ভাড়া বাড়ি হলে ন্যূনতম পাঁচ বছর ভাড়ার চুক্তি থাকতে হবে। পাঁচ বছর ভাড়ার চুক্তি সমাপ্ত হলে অবশ্যই সমপরিমাণ ক্ষেত্রফল বিশিষ্ট ভাড়া/নিজস্ব ভবনে বোর্ডের অনুমোদন সাপেক্ষে নতুন ঠিকানায় প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে।

খ) বেসরকারি পর্যায়ে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম খোলার নিমিত্ত প্রতি বিভাগীয় শহর/মেট্রো পলিটনে ৮ (আট)টি এবং প্রতি জেলা শহরে ৫ (পাঁচ)টি প্রতিষ্ঠান স্থাপন করা যাবে। উপজেলায় প্রতিষ্ঠান সংখ্যা ৩ (তিন)টির বেশি হবে না।

গ) পাঁচটির অধিক ট্রেড চালানোর জন্য প্রতিষ্ঠানের নামে নিজস্ব ভূমি/জমি ১০ (দশ) শতাংশ থাকতে হবে।

## ১২.৪ একইরূপ প্রতিষ্ঠান থেকে আবেদিত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব

পৌর ও শিল্প এলাকার জন্য একইরূপ অন্যান্য প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব সাধারণভাবে ১ কি.মি. এবং মফস্বল এলাকার জন্য ২ কি.মি. হতে হবে। মেট্রোপলিটন এলাকার জন্য এ দূরত্ব শিথিলযোগ্য। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত আবেদনের সাথে একইরূপ প্রতিষ্ঠানের দূরত্ব সংক্রান্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

## ১২.৫ প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা

প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা পঞ্চাশ হাজার হতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট এলাকার ন্যূনতম জনসংখ্যার প্রমানপত্র (পরিসংখ্যান অফিসার কর্তৃক স্বাক্ষরিত) এবং এলাকা আর্থসামাজিক অবস্থার সংক্ষিপ্ত বর্ণনা দাখিল করতে হবে।

## ১২.৬ ভৌত অবকাঠামো

কক্ষের বিবরণ ঃ সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত সাধারণ ও বিশেষায়িত কক্ষ ও ল্যাবসমূহ থাকতে হবে।

### (i) সাধারণ অবকাঠামো (কমন)

| | | |
|---|---|---|
| • অধ্যক্ষ/পরিচালকের কক্ষ | ১টি | ঃ ১৫০ বঃ ফুট |
| • অফিস কক্ষ | ১টি | ঃ ১৫০ বঃ ফুট |
| • লাইব্রেরি | ১টি | ঃ ৪০০ বঃ ফুট |
| • শিক্ষকদের বসার কক্ষ | ১টি | ঃ ২০০ বঃ ফুট |
| • স্টোর | ১টি | ঃ ২০০ বঃ ফুট |
| • টয়লেট (পুরুষ ও মহিলাদের জন্য আলাদা) | ২টি | ঃ ১০০ বঃ ফুট |

(ii) ট্রেড ভিত্তিক অবকাঠামো

আবশ্যিক

- ল্যাবরেটরি (প্রতি ট্রেডের জন্য) ১টি ঃ ৩৫০ বর্গফুট
- ২টি ট্রেডের জন্য কমপক্ষে ১টি ক্লাশ রুম ঃ ৩৫০ বর্গফুট

এনিম্যাল হেলথ এন্ড প্রোডাকশন, পোল্ট্রি ফার্মিং প্রতি ট্রেডের জন্য

- কোর্স সংশ্লিষ্ট ল্যাবরেটরি/সেড ১টি ঃ ৬০০ বঃ ফুট

**সংশ্লিষ্ট ট্রেড ভিত্তিক ল্যাব (মেডিক্যাল টেকনোলজি, কম্পিউটারসহ অন্যান্য)**

কোর্স সংশ্লিষ্ট ল্যাবরেটরি ১টি ঃ ৩৫০ বঃ ফুট

(iii) গ্রুপ বৃদ্ধি/ ট্রেড সংযোজনের ক্ষেত্রে অনুচ্ছেদ ১২.৬(ii) প্রযোজ্য হবে।

## ১২.৭ আসবাবপত্র

শ্রেণি কক্ষ/ওয়ার্কশপ/ল্যাব এর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, স্টিল আলমারি, ফাইল কেবিনেট ইত্যাদি থাকতে হবে এবং আবেদনপত্রের সাথে আসবাবপত্রের একটি তালিকা সংযুক্ত করতে হবে।

## ১২.৮ শিক্ষা উপকরণ

যথাযথ শেখা-শেখান (Teaching Learning) কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ যেমন কম্পিউটার,ইন্টারনেট, ওভারহেড প্রজেক্টর/মাল্টিমিডিয়া প্রজেক্টর, টেলিভিশন, অডিও ভিডিও ইকুইপমেন্ট, মডেল, চার্ট ইত্যাদি থাকতে হবে। শিক্ষা উপকরণের একটি তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

## ১২.৯ বিদ্যুৎ সুবিধা

বৈধ বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র দাখিল করতে হবে।

## ১২.১০ শিক্ষক-কর্মচারি

- প্রণীত জনবল কাঠামো অনুযায়ী দক্ষ নিয়মিত শিক্ষক-কর্মচারি বোর্ড কর্তৃক অনুমোদিত বাছাই কমিটির মাধ্যমে নিয়োগ করতে হবে।
- যোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ ও দক্ষ খন্ডকালীন শিক্ষক নিয়োগ করা যাবে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সুপারিণটেনডেন্ট | ১ (এক) জন | ১৫০০০-২৬২০০/- | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি (ইঞ্জিনিয়ারিং) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম দশ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ট্রেড ইন্সট্রাকটর | ১ জন (প্রতি ট্রেড) | ৮০০০-১১১৫০/- | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ |
| ০৩ | টেকনিক্যাল ল্যাব/সপ এ্যাসিসটেন্ট | ১ জন (প্রতি ২ ট্রেড) | ৪৭০০-৬৫৫৫/- | অষ্টম শ্রেণী পাসসহ দুই বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট |
| ০৪ | অফিস সহকারি কাম হিসাব সহকারি | ১ জন | ৪৭০০-৬৫৫৫/- | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ |
| ০৫ | গার্ড কাম এম এল এস এস | ১ জন | ৪১০০-৫৪৩০/- | অষ্টম শ্রেণি পাশ। তবে প্রতিরক্ষা সার্ভিসের প্রাক্তন সদস্যকে অগ্রাধিকার দেওয়া হবে। |

### ১২.১১ প্রতিষ্ঠানের তহবিল

প্রতিষ্ঠানের নামে স্থায়ী আমানত হিসেবে ১.০০ লক্ষ টাকা এবং চলতি হিসেবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা ব্যাংকে জমা থাকতে হবে। আবেদনপত্রের সাথে ব্যাংকে আমানতের প্রমাণপত্র জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা চালু কোন প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত কোর্সের ক্ষেত্রে সংস্থার এবং চালু প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। স্থায়ী আমানতের টাকা সঞ্চয়পত্র হিসাবে রাখা যাবে।

### ১২.১২ ব্যবস্থাপনা কমিটি

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এসআরও নং-২৬৭-আইন/২০০৯) অনুযায়ী স্বীকৃতি প্রাপ্তির এক মাসের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

### ১২.১৩ লাইব্রেরি

প্রতিষ্ঠানে একটি সুসজ্জিত লাইব্রেরি থাকতে হবে এবং কোর্স সংশিষ্ট বিষয়ের ন্যূনতম দুইশত বই এবং পাঠ্যসহায়ক অন্যান্য সুবিধাদি থাকতে হবে। শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট ব্রাউজিং এর সুবিধা থাকতে হবে।

### ১২.১৪ পাঠ্যক্রম

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

১২.১৫ প্রতি প্রতিষ্ঠানে নিজেস্ব website + wifi সুবিধা থাকতে হবে।

## ১৩.০ পরীক্ষানুষ্ঠান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষানুষ্ঠান ও মূল্যায়ন করা হবে। যথা নিয়মে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সনদপত্র প্রদান করবে।

## ১৪.০ ল্যাবরেটরি সুবিধা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত ট্রেড ভিত্তিক যন্ত্রপাতির তালিকা অনুযায়ী যন্ত্রপাতি থাকতে হবে। স্বীকৃতির জন্য আবেদনপত্রের সাথে যন্ত্রপাতির তালিকা সংযুক্ত করতে হবে।

## ১৫.০ শিক্ষা বর্ষপঞ্জি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

## ১৬.০ সহপাঠ্যক্রমিক কার্যক্রম

বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপন, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম এবং অন্যান্য সমাজ কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।

## ১৭.০ স্বীকৃতি নবায়ন ফি

স্বীকৃতি প্রাপ্তির শিক্ষাসন থেকে প্রতি বছর বোর্ড কর্তৃক নির্ধারিত হারে নবায়ন ফি সময়ে সময়ে প্রয়োজনানুযায়ী তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

## ১৮.০ শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ

যথাযথ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের নিয়মিত পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

## ১৯.০ সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা

বেসরকারি উদ্যোগে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলীও এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ২০.০ ব্যাখ্যা

এ নীতিমালার কোন ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

## ২১.০ অধিকার সংরক্ষণ

কোন প্রকার কারণ ব্যাতিরেকে সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য স্বীকৃতি প্রদান করা বা না করার এবং কোন শর্ত শিথিল বা আরোপ করার ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

## ২২.০ অঙ্গীকার প্রদান

উদ্যোক্তাগণকে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প এর ওপর উল্লি-খিত শর্তাবলি ও ন্যূনতম চাহিদা পূরণ করা হয়েছে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলি পালন করা হবে-এ মর্মে আবেদনের সাথে নিম্মোক্ত অঙ্গীকারনামা সংযোজন করতে হবে।

# অঙ্গীকারনামা

এ মর্মে অঙ্গীকার করছি যে, সার্টিফিকেট কোর্স/এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার স্বীকৃতির আবেদনপত্র ও সংযোজনীতে প্রদত্ত তথ্যাবলি সত্য। নীতিমালায় বর্ণিত শর্তাবলি ও নূন্যতম চাহিদা পূরণ করা হয়েছে। পরবর্তীতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলি যথাযথভাবে পালন করা হবে। আবেদনে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

সভাপতি
ব্যবস্থাপনা কমিটি/সাংগঠনিক কমিটি
(সিলসহ স্বাক্ষর)

অধ্যক্ষ/পরিচালক
(সিলসহ স্বাক্ষর)

## ২৩.০ বিভিন্ন কমিটিসমূহ

### ২৩.১ বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক (প্রযোজ্য ক্ষেত্রে) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| ২. | মূল্যায়ণ কর্মকর্তা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | কারিকুলাম বিশেষজ্ঞ/উপ-পরিদর্শক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | কারিকুলাম/পরিদর্শন বিভাগের সংশ্লিষ্ট ডেক্স অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

### ২৩.২ পরিদর্শন টীম

| | | |
|---|---|---|
| ১. | উপ-পরিদর্শক/উপ-পরিচালক/উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-সচিব/কারিকুলাম বিশেষজ্ঞ/প্রথম শ্রেণির কর্মকর্তা/ সমমান বা তদুর্ধ্ব | ১ জন |
| ২. | বিষয় বিশেষজ্ঞ/আঞ্চলিক পরিদর্শক/পলিটেকনিক/ টিএসসি/অন্যান্য কারিগরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা বা তদুর্ধ্ব) | ১ জন |

### ২৩.৩ অ্যাফিলিয়েশন কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| ২. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | সচিব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | পরিচালক (কারিকুলাম) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৫. | পরীক্ষা নিয়ন্ত্রক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৬. | পরিদর্শক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৭. | পরিচালক (আইটিসি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট ডেস্ক অফিসার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

**২৪.০১ সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) প্রতিষ্ঠানের আবেদনপত্র (পাঠদান/গ্রুপ/ট্রেড সংযোজনের) প্রদান, গ্রহণ, যাচাই ও অনুমোদন সংক্রান্ত সময়সূচি (জুলাই-জুন সেশন)ঃ**

| ক্রঃ নং | কাজের বিবরণ | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রাপ্যতা ও অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ে আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | জানুয়ারি | ডেস্ক অফিসার |
| ২. | প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই এবং পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচন | ফেব্রুয়ারি | যাচাই কমিটি |
| ৩. | পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিতকরণ | মার্চ | ডেস্ক অফিসার |
| ৪. | পরিদর্শন টীম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ | এপ্রিল | যথাযথ কর্তৃপক্ষ |
| ৫. | পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অ্যাফিলিয়েশন কমিটির সভা | মে | অ্যাফিলিয়েশন কমিটি |
| ৬. | সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠানকে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান | জুন | চেয়ারম্যান মহোদয়ের অনুমোদক্রমে ডেস্ক অফিসার ও পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক (প্রযোজ্য ক্ষেত্রে) |

**২৪.০২ এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) প্রতিষ্ঠানের আবেদনপত্র (পাঠদান/গ্রুপ/ট্রেড সংযোজনের) প্রদান, গ্রহণ, যাচাই ও অনুমোদন সংক্রান্ত সময়সূচি (জানুয়ারি-ডিসেম্বর সেশন)ঃ**

| ক্রঃ নং | কাজের বিবরণ | সময় | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | প্রাপ্যতা ও অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ে আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | জুলাই | ডেস্ক অফিসার |
| ২. | প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই এবং পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচন | আগস্ট | যাচাই কমিটি |
| ৩. | পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিতকরণ | সেপ্টেম্বর | ডেস্ক অফিসার |
| ৪. | পরিদর্শন টীম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ | অক্টোবর | যথাযথ কর্তৃপক্ষ |
| ৫. | পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অ্যাফিলিয়েশন কমিটির সভা | নভেম্বর | অ্যাফিলিয়েশন কমিটি |
| ৬. | সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠানকে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান | ডিসেম্বর | চেয়ারম্যান মহোদয়ের অনুমোদক্রমে ডেস্ক অফিসার ও পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক (প্রযোজ্য ক্ষেত্রে) |

কোর্সসমূহ ঃ

ক) এক বছর মেয়াদি সাধারণ শিক্ষাক্রমের নাম ঃ

১) এডভান্সড সার্টিফিকেট কোর্স (কম্পিউটার টেকনোলজি)
২) এডভান্সড সার্টিফিকেট কোর্স( ফিজিক্যাল এডুকেশন)
৩) এডভান্সড সার্টিফিকেট কোর্স (ফাইন আর্টস)

খ) এক বছর মেয়াদি মেডিকেল শিক্ষাক্রমের নাম ঃ ০৮ টি

১) সার্টিফিকেট ইন ডেন্টাল টেকনোলজি
২) সার্টিফিকেট ইন ফিজিওথেরাপি টেকনোলজি
৩) সার্টিফিকেট ইন ল্যাবরেটরি টেকনোলজি (প্যাথলজি)
৪) সার্টিফিকেট ইন রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি
৫) সার্টিফিকেট ইন ফার্মেসী টেকনোলজি
৬) সার্টিফিকেট ইন ইন্টিগ্রেটেড মেডিসিন টেকনোলজি
৭) সার্টিফিকেট ইন নার্সিং টেকনোলজি
~~৮) সার্টিফিকেট ইন অপটিক্যাল রিফ্রাকশন টেকনোলজি~~
~~৯) সার্টিফিকেট ইন মেডিকেল মার্কেটিং এন্ড ম্যানেজমেন্ট টেকনোলজি~~
১০) সার্টিফিকেট ইন প্যারামেডিক্যাল টেকনোলজি

গ) এক বছর মেয়াদি এনিম্যাল হেলথ্ শিক্ষাক্রমের নাম ঃ

১) সার্টিফিকেট ইন এনিম্যাল হেলথ্ এন্ড প্রোডাকশন
২) সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং